



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

কৃষিই সমৃদ্ধি



নম্বর ১২.০১.০০০০.১৬১.৪০.০০১.২১.২

তারিখ: ২৭ আষাঢ় ১৪৩০

১১ জুলাই ২০২৩

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: সার ও সার জাতীয় পণ্যের সনদের জন্য আবেদনের কতিপয় শর্তাবলী।

- সার ও সার জাতীয় পণ্যের নতুন আমদানীকারক সনদ প্রাপ্তির আবেদনকারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত নির্দেশনার আলোকে আবেদন গ্রহন করা হবে।
- ১। আমদানীকারক সনদের জন্য দরখাস্ত ও নমুনা সার আগামী সেপ্টেম্বর/২০২৩ মাসে জমা নেয়া হবে।
 - ২। নমুনা সার প্রিন্সিপাল কোম্পানি থেকে সরাসরি পরিচালক, সরেজমিন উইং(পক্ষে উপপরিচালক, সার ব্যবস্থাপনা) এর তিকানায় যথাযথ প্রক্রিয়ায় আমদানি করতে হবে(FedEx/DHL এর মাধ্যমে)। এ নমুনা সার উপপরিচালক, সার ব্যবস্থাপনা বা তার প্রতিনিধি সরাসরি FedEx/DHL থেকে গ্রহণ করবে।
 - ৩। নমুনা সার পরিচালক, সরেজমিন উইং বা তার পক্ষে উপপরিচালক, সার ব্যবস্থাপনা কর্তৃক যথাযথ ভাবে গৃহীত হলে আবেদন করার অনুমতি প্রদান করা হবে। এর পূর্বে আবেদন পত্র, চালান ইত্যাদি সম্পাদন করার প্রয়োজন নেই।
 - ৪। প্রিন্সিপাল কোম্পানি এর সকল কাগজপত্র উপপরিচালক, সার ব্যবস্থাপনা এর ই-মেইল (ddfertmanage@dae.gov.bd) এ সরাসরি প্রেরণ করবেন।
 - ৫। উৎপাদনকারী ও পরিবেশক এর নতুন আবেদনপত্র জমা প্রদান চলমান থাকবে।
 - ৬। পরিবেশক এর ক্ষেত্রে অনুমোদন সাপেক্ষে আমদানিকারক/উৎপাদনকারী পরিবর্তনের সুযোগ থাকবে। এজন্য পরিবেশক এর পণ্যের প্যাকেটে আমদানিকারক/উৎপাদনকারীর নাম প্রিন্ট না করে নির্দেশিত পদ্ধতিতে সংযোজন করতে হবে।
 - ৭। কোন আমদানিকারক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর অনুমোদিত পরিবেশক/ক্ষেত্রভেদে সরকার কর্তৃক নির্ধারিত ডিলার ব্যতীত কোন সার বিক্রি করতে পারবেনা। এর ব্যত্যয় হলে সনদ বাতিল হবে।
 - ৮। প্রকৃত ক্যাশ মেমো ব্যতীত কোন সার ক্রয়-বিক্রয় করা যাবে না।
 - ৯। সকল ক্ষেত্রে পরিদর্শক(উপজেলা কৃষি অফিসার/অতিরিক্ত কৃষি অফিসার/কৃষি সম্প্রসারণ অফিসার) কর্তৃক অনুমোদনের পর সার বিক্রি করতে হবে। ষ্টকবই ও বিক্রয় রেজিঃ সকল সারের ক্ষেত্রে প্রযোজ্য হবে।
 - ১০। কোন প্রতিষ্ঠান ৪ বছরের মধ্যে যে সকল পন্য আমদানি করতে ব্যর্থ হয়েছে, সে সকল পণ্যের অনুকূলে প্রদত্ত সনদ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে।

১১-৭-২০২৩

মো: তাজুল ইসলাম পাটোয়ারী
পরিচালক

ফোন: +৮৮০২৯১৪০৮৫০

ইমেইল: dfsw@dae.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত পরিচালক (সকল অঞ্চল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
- ২) উপপরিচালক (সকল জেলা), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
- ৩) উপপরিচালক, সার ব্যবস্থাপনা অধিশাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- ৪) উপপরিচালক (ভারপ্রাপ্ত), আইসিটি ব্যবস্থাপনা অধিশাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। আপনাকে নোটিশটি ডিএই'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৫) অতিরিক্ত উপপরিচালক, কন্ট্রোল রুম, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- ৬) অতিরিক্ত উপপরিচালক, উপকরণ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- ৭) উপজেলা কৃষি অফিসার (সকল)।
- ৮) চেয়ারম্যান, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন, আল-রাজী কমপ্লেক্স(৬ষ্ঠ তলা), পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ৯) আবেদনকারী, আমদানীকারক/ উৎপাদনকারী/ পরিবেশক (সকল)